



# জোনাইল ডিগ্রী কলেজ

ডাকঘরঃ জোনাইল, উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর।

স্থাপিতঃ ১৯৯৬ইং

EIIN: 123979, Web: www.jdc.edu.bd, E-mail: jonailcollege@gmail.com

কলেজ কোডঃ উচ্চ মাধ্যমিক-2155, ডিগ্রী-2330, মোবাইল-০১৭১১৪১৮২২৯

স্মারক নং: জো.ডি.ক-

তারিখঃ ০৬/০২/২০২৬ইং

## জরুরী বিজ্ঞপ্তিঃ

সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ শিক্ষাবর্ষে জোনাইল ডিগ্রী কলেজে অধ্যায়নরত একাদশ শ্রেণীর উপবৃত্তি প্রাপ্তির আবেদনের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অফিস থেকে আবেদন ফরম সংগ্রহপূর্বক প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ আবেদন ফরম পূরন করে আগামী ১৬/০২/২০২৬খ্রি. হতে ১৮/০২/২০২৬খ্রি. তারিখের মধ্যে ভারপ্রাপ্ত অধ্যক্ষের কার্যালয়ে জমা দেয়ার জন্য বলা হলো।

**\*\* স্বচ্ছল পরিবারের শিক্ষার্থীদের উপ-বৃত্তির জন্য আবেদন না করার জন্য বলা হলো।\*\***

**\*\* অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বিনা নোটিশে বাতিল বলে গণ্য হবে।\*\***

### শর্তাবলিঃ

১। অভিভাবকের বার্ষিক আয় সর্বোচ্চ ১ লক্ষ টাকার মধ্যে থাকতে হবে।

২। অভিভাবকের জমির পরিমাণ সর্বোচ্চ ৭৫ শতাংশের মধ্যে থাকতে হবে।

৩। অনিয়মিত শিক্ষার্থী আবেদন করতে পারবে না।

৪। আবেদনকারী শিক্ষার্থীর ১৭ সংখ্যার ডিজিটাল জন্ম সনদ থাকতে হবে।

**(উপবৃত্তির টাকা পাওয়ার জন্য ব্যাংক সংক্রান্ত নির্দেশনাঃ)**

৫। **মোবাইল ব্যাংকিংঃ** অভিভাবক হিসেবে নির্বাচিত বাবা অথবা মায়ের NID কার্ড দিয়ে নিবন্ধিত সিম কার্ডে অ্যাকাউন্ট খুলতে হবে। অ্যাকাউন্টধারীর নাম হিসেবে অবশ্যই বাবা বা মায়ের নাম ব্যবহার করতে হবে।

৬। **জেনারেল ব্যাংকিং ও স্কুল ব্যাংকিংঃ**

**জেনারেল ব্যাংকিংঃ** বাবা বা মায়ের মধ্যে যাকে অভিভাবক নির্বাচন করা হবে, অ্যাকাউন্টটি তাঁর নামেই হতে হবে।

**স্কুল ব্যাংকিংঃ** অ্যাকাউন্টটি সরাসরি শিক্ষার্থীর নামে খুলতে হবে এবং অ্যাকাউন্টধারী হিসেবে শিক্ষার্থীর নাম থাকতে হবে।

৭। **বাবা-মা মৃত হলেঃ** যদি বাবা-মা কেউ বেঁচে না থাকেন এবং অভিভাবক হিসেবে ভাই, বোন বা দাদা-দাদি/নানা-নানিকে বেছে নেওয়া হয়, তবে শিক্ষার্থীর নামে একটি অনলাইন স্কুল ব্যাংকিং অ্যাকাউন্ট খুলতে হবে।

৮। **এজেন্ট ব্যাংকিংঃ** এক্ষেত্রে শিক্ষার্থীর নিজের নামে অথবা অভিভাবক (বাবা/মা) হিসেবে যাকে বেছে নেওয়া হয়েছে, তাঁর নামে অ্যাকাউন্ট খুলতে হবে। অ্যাকাউন্টধারী হিসেবে যার নাম থাকবে, তথ্য এন্ট্রির সময় তাঁর নামই ব্যবহার করতে হবে।

**সতর্কবার্তাঃ** উপবৃত্তির জন্য HSP-MIS সিস্টেমে আবেদন বা তথ্য এন্ট্রি করলেই টাকা পাওয়ার নিশ্চয়তা নেই। এটি যাচাই-বাছাই সাপেক্ষে প্রদান করা হয়।

### বিঃদ্রঃ- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজ-পত্রাদি জমাদিতে হবেঃ-

১। আবেদনকারী শিক্ষার্থীর ১৭ সংখ্যার ডিজিটাল জন্ম সনদের ফটোকপি-১টি।

২। আবেদনকারীর পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-১টি করে।

৫। পিতা/মাতা ব্যতীত অন্য কেউ অভিভাবক হলে তাঁর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১টি।

৩। এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের কপি-১টি।

৪। আবেদনকারীর এসএসসি পাসের সনদ বা নম্বরপত্রের কপি-১টি।

৬। আবেদনপত্রে উল্লিখিত প্রশ্নমালায় উত্তর প্রদানের ক্ষেত্রে উত্তর “হ্যাঁ” হলে এর স্বপক্ষে প্রমাণপত্র দিতে হবে।

*স্বাক্ষর*

(এস.এম. রাজিবুল করিম)

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),

জোনাইল ডিগ্রী কলেজ,

বড়াইগ্রাম, নাটোর।

মোবাইলঃ ০১৭১১ ৪১৮২২৯